

## রাজধানী ও শহরতলির বাসে চালু হচ্ছে ই-টিকেট ব্যবস্থা

- A Monitor Desk Report

Date: 20 January, 2026



**ঢাকা : মহানগর ও শহরতলি এলাকায় বাসগুলোতে যাত্রীদের জন্য ই-টিকেটিং পদ্ধতি চালু হচ্ছে।**

উদ্যোগটি বাস্তবায়ন করছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি), ঢাকা সড়ক পরিবহন মালিক সমিতি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ঢাকা জেলা সড়ক পরিবহন যানবাহন শ্রমিক ইউনিয়নসহ কয়েকটি শ্রমিক সংগঠন।

ই-টিকেট কার্যক্রমে কারিগরি সহায়তা দিচ্ছে আরবানমুভ টেক নামের একটি কোম্পানি।

সোমবার (১৯ জানুয়ারি) ঢাকার একটি হোটেলে সংবাদ সম্মেলন করে অনুষ্ঠানিকভাবে এ পদ্ধতির উদ্বোধন করা হয়। এ সময় এক সপ্তাহের মধ্যে পদ্ধতিটি পুরোদমে চালু করা হবে বলে জানান পরিবহন মালিক-শ্রমিক নেতারা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান ঢাকা সড়ক পরিবহন মালিক সমিতির সাধারণ সম্পাদক সাইফুল আলম।

তিনি বলেন, ‘বিভিন্ন রুটের পরিবহন কোম্পানির সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে আরবানমুভ টেক ই-টিকেটিং ব্যবস্থাপনার সার্বিক দায়িত্ব নিয়েছে। এক সপ্তাহের মধ্যে এ কার্যক্রম চালু করা হবে। ঢাকা সড়ক পরিবহন মালিক সমিতি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন ও পুলিশ প্রশাসন এ কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগিতা ও তদারকি করবে।’

এ পদ্ধতিতে সাধারণ পালনীয় কিছু বিষয় সংবাদ সম্মেলনে তুলে ধরেন ঢাকা সড়ক পরিবহন মালিক সমিতির সাধারণ সম্পাদক।

এগুলো হলো সব বাস নির্ধারিত স্টপেজে যাত্রী তুলবে ও নামাবে; সব যাত্রীকে অ্যাপ অথবা ডিভাইসের মাধ্যমে ই-টিকেট সংগ্রহ করে গাড়িতে ভ্রমণ করতে হবে; এ পদ্ধতিতে সরকার নির্ধারিত ভাড়ার চেয়ে বেশি ভাড়া আদায় করা হবে না; ছাত্রদের জন্য অর্ধেক ভাড়া নেয়া হবে আগের মতোই।

সাইফুল আলম বলেন, ‘আমরা বিশ্বাস কৰি, এ পদ্ধতি কাৰ্যকৰ হলে ৰাস্তায় যানজট কমবে, অসম প্ৰতিযোগিতায় গাড়ি চলাচল বন্ধ হৰে, দুৰ্ঘটনা কমিয়ে যাত্ৰী সাধাৰণেৰ চলাচলে নিৰাপত্তা, আৰাম, সুযোগ-সুবিধা নিশ্চিত হৰে এৰং ৰাস্তায় গাড়ি থেকে চাঁদাবাজি বন্ধ হৰে।’

-B